

পুরস্কৃত বাঁকুড়ার গান্ধী বিচার পরিষদ

এই সময়, ব্যারাকপুর: এ বারের গান্ধী পুরস্কার পেল বাঁকুড়ার গান্ধী বিচার পরিষদ। মহাত্মা গান্ধীর জীবন ও আদর্শ প্রচার ও সেই মতো কাজ করার জন্য প্রতি বছর এই পুরস্কার দেয় ব্যারাকপুরে গান্ধী সংগ্রহালয়। এর অর্থমূল্য ১০ হাজার টাকা,



গান্ধী জয়ন্তীতে রাজ্যপাল — প্রণব বিশ্বাস

রূপোর একটি স্মারক ও উত্তরীয়। পুরস্কার নিয়ে বিচার পরিষদের অন্যতম কর্মকর্তা গৌরান্ধসুন্দর রজক জানান, ১৯৫৬ সাল থেকে সংগঠনটি কাজ করে আসছে বাঁকুড়া জেলার ১৮টি ব্লকে। এ পর্যন্ত কুড়ি হাজার মহিলাকে তারা স্বাবলম্বী করেছে। গ্রামে আরও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করাই তাদের লক্ষ্য। সংগ্রহালয়ের অধিকর্তা প্রতীক ঘোষ জানান, গান্ধীজির মতাদর্শ সর্বত্র পৌঁছে দেওয়ার জন্য কোনও ব্যক্তি অথবা সংস্থাকে এই পুরস্কার দেওয়া হয়। অনুষ্ঠানে রাজ্যের প্রাক্তন বিধায়ক অধ্যাপক সন্দীপ দাসকে সংবর্ধনা জানানো হয়। গান্ধী পুরস্কার প্রদানের আগে এ দিন সকালে রীতি মেনে ব্যারাকপুরের গান্ধীঘাটে ফুল দেন রাজ্যপাল কেশরীনাথ ত্রিপাঠী। চরকায় সুতোও কাটেন তিনি। সঙ্গে ছিলেন রাজ্যের অর্থমন্ত্রী অমিত মিত্র। অনুষ্ঠানে রামধুন পরিবেশিত হয়। রাজ্য সরকার আয়োজিত অনুষ্ঠানে স্থানীয় বিভিন্ন স্কুলের পড়ুয়ারা গান্ধী রচনাবলির নিবাচিত অংশ পাঠ করে।

The Bengali daily *Ei Samay* published the report of the presentation of the 18th Mahatma Gandhi Memorial Award on October 3, 2015. The report also carried a brief description of the felicitation of Professor Sandip Das, who delivered the 17th Mahatma Gandhi Memorial Oration.